# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৭৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “তোমাদের চেহারাগুলোর মাঝে” এর দ্বারা উদ্দেশ্য হলো “হৃদয়সমূহের মাঝে”

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (بَيْنَ وُجُوهِكُمْ) أَرَادَ بِهِ بَيْنَ قُلُوبِكُمْ

আরবী

2173 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا هَارُونُ بْنُ إِسْحَاقَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي غَنِيَّةَ عَنْ زَكَرِيَّا بْنِ أَبِي زَائِدَةَ عَنْ أَبِي الْقَاسِمِ الْجَدَلِيِّ قَالَ: سَمِعْتُ النُّعْمَانَ بْنَ بَشِيرٍ يَقُولُ: أَقْبَلَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (أَقِيمُوا صُفُوفَكُمْ - ثَلَاثًا - وَاللَّهِ لتقِيمُنَّ صُفُوفكم أَوْ ليخالفنَّ اللَّهُ بَيْنَ قُلُوبِكُم) قَالَ: فَرَأَيْتُ الرَّجُلَ يُلْزِقُ كَعْبَهُ بكعبِ صاحبِه ومنكِبَهُ بمنكبِ صاحِبِه.

الراوي : النُّعْمَان بْن بَشِيرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2173 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (32) , ((صحيح أبي داود)) (668).

أَبُو الْقَاسِمِ الْجَدَلِيُّ هَذَا: اسْمُهُ حُسَيْنُ بْنُ الْحَارِثِ مِنْ جَدِيلَةَ قَيْسٍ مِنْ ثِقَاتِ الْكُوفِيِّينَ.

বাংলা

২১৭৩. নু‘মান বিন বাশীর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার আমাদের কাছে আগমন করেন অতঃপর বলেন, “তোমরা তোমাদের কাতারগুলো সোজা করবে –এই কথা তিনি তিনবার বলেন- আল্লাহর কসম, তোমরা অবশ্যই তোমাদের কাতারগুলো সোজা করবে, অন্যথায় আল্লাহ তোমাদের অন্তরসমূহের মাঝে বিরোধ সৃষ্টি করে দিবেন।”

রাবী বলেন, “তারপর আমি দেখেছি যে, ব্যক্তি তার পাশের সঙ্গীর পায়ের টাখনুর সাথে টাখনু ও কাঁধের সাথে কাঁধ লাগিয়ে দিতেন।”[1]

আবুল কাসিম আল জাদালীর নাম হুসাইন বিন হারিস, তিনি কাইস গোত্রের লোক। তিনি কুফার একজন নির্ভরযোগ্য রাবী।

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ৬৬২; সুনান বাইহাকী: ৩/১০০-১০১; দারাকুতনী: ১/২৮২-২৮৩; সহীহ মুসলিম: ৪৩৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নু’মান ইবনু বশীর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91491

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন